



তারিখ: ০৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
২০ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি


সরকারি ব্রজলাল কলেজ, খুলনার সকল শিক্ষক ও শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/১০/২০২২ রবিবার সকাল ১০:৩০ মিনিটে সেমিনার হলে “সূক্ষ্ম সুপ্ত সাম্প্রদায়িকতা: শিল্প ও সাহিত্যে” বিষয়ে আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ড. ইমানুল হক, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, গোয়েঙ্কা কলেজ অব কমার্স এ্যান্ড বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত এবং মুখ্য আলোচক থাকবেন বিশিষ্ট লেখক, অনুবাদক ও সমাজচিন্তক আলম খোরশেদ, চট্টগ্রাম, বাংলাদেশ।

সেমিনারে সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

S. M. M. S. M.
20/10/2022

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

ড. ইমানুল হক




ড. ইমানুল হক ভারতের পশ্চিমবঙ্গের বিশিষ্ট লেখক, গবেষক ও শিক্ষক। কর্মজীবনে তিনি বিভিন্ন সময়ে কৃষ্ণনগর সরকারি কলেজ, প্রেসিডেন্সি কলেজ, কলকাতা, চন্দননগর সরকারি কলেজে কর্মরত ছিলেন। বর্তমানে কলকাতার গোয়েঙ্কা কলেজ অব কমার্স এ্যান্ড বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন এর বাংলা বিভাগে সহযোগী অধ্যাপক পদে কর্মরত আছেন। তাঁর রচিত গ্রন্থসমূহ:

কবিতা গল্প ইতিহাস প্রবন্ধ সাহিত্য সমালোচনা রাজনীতি সংস্কৃতি ভাষা সমস্যা ১. বর্ষাফলক স্নান করছে (কাব্যগ্রন্থ ১৯৯১)।। বাকচর্চা ২. আমরা জারের জন্য লড়াই (কাব্যগ্রন্থ ১৯৯২)।। ঙ্গণিকা ৩. প্রশস্তিমালা (কাব্যগ্রন্থ ১৯৯৩)।। ঙ্গণিকা ৪. তিনজন্য গল্প (যৌথ গল্পগ্রন্থ ১৯৯৫)।। ঙ্গণিকা ৫. প্রাথমিকে ইংরেজি ও বাঙালি সমাজ (প্রবন্ধ সংকলন ১৯৯৮)।। নবজাতক ৬. পরমাণু দেশ পরিবেশ অর্থনীতি (১৯৯৮ প্রবন্ধ সংকলন)।। নবজাতক ৭. আমেরিকা তালিবান সংখ্যালঘু ও কোরানের নারী (২০০১ প্রবন্ধ)।। একাডেমিক পাবলিশার্স ৮. দেশে দেশে ইংরেজি চলে? বাংরেজদের জন্য তথ্য (২০০২)।। ভাষা ও চেতনা ৯. মণিমঞ্জরী (২০০৪ গল্প সংকলন)।। প্রতীক ১০. বাণীমঞ্জরী (২০০৪ লেখা সংকলন)।। প্রতীক ১১. নবসাম্রাজ্যবাদ কৃষি শিল্প বিতর্ক (২০০৬ যৌথ সম্পাদনা)।। বিশ্ববঙ্গীয় ১২. জমি হাঙর দোসর (২০০৬)।। ভাষা ও চেতনা ১৩. আদর্শ বাংলা ব্যাকরণ (২০০৪ পঞ্চদশ সংস্করণ ২০১৮)।। প্রতীক ১৪. সাম্প্রদায়িক মন ধর্মনিরপেক্ষ মুখ (২০০৬ সপ্তম সংস্করণ ২০২২)।। দেশ প্রকাশন ।। বাংলাদেশে কথাপ্রকাশ খাঁ ১৫. কমিউন কাহিনি (২০১০) কমিউনিস্টদের কমিউন জীবনের ইতিহাস/যৌথ।। পত্রলেখা ১৬. কথাসাহিত্যের ফাঁপা দুনিয়া (২০১৩ উপন্যাস নিয়ে) প্রিটোনিয়া ১৭. সূক্ষ্ম সুপ্ত সাম্প্রদায়িকতা (২০১৫ দ্বিতীয় সংস্করণ ২০১৭)।। দেশ প্রকাশন ১৮. বাঙালির বীরত্ব: সংক্ষিপ্ত ইতিহাস ২০১৭ দেশ প্রকাশন ১৯. উনিশের কথাসাহিত্যে বাঙালির বীরত্ব'।। দেশ প্রকাশন।। বাংলাদেশে অনিন্দ্য প্রকাশ ২০. বাংলার সমাজতাত্ত্বিক চর্চা (২০১৯ প্রবন্ধ) প্রিটোনিয়া ২১. কাশ্মীর বিজেপি ভারত (২০১৯)।। দেশ প্রকাশন ২২. এন আর সি কী ও কেন? ।। কী করতে হবে? (২০১৯) দেশ প্রকাশন ২৩. মার্কস মোদি মমতা (২০২১) পত্রভারতী ২৪. রামায়ণ মহাভারতের রাজনীতি ও কোরান (২০২২) দেশ প্রকাশন ২৫. বাঙালি কি দ্বিতীয় শ্রেণির নাগরিক? (২০২২) দেশ প্রকাশন অ্যাকাডেমিক বই: সম্পাদনা ১. বাংলার কৃষি সমাজ ও সাহিত্য (২০০৬ ইউজিসি) ২. বাংলা সাহিত্যে প্রতিবাদ (২০০৭) ইউজিসি ৩. রবীন্দ্রনাথ ও সমকালীন প্রসঙ্গ (২০১২) ইউজিসি ৪. বাংলা কবিতায় প্রতিবাদ (২০১৩) ইউজিসি ৫. বিবেকানন্দ ও উত্তরপ্রজন্ম (২০১৩) ইউজিসি

আলম খোরশেদ

জন্ম: ২১-৯-১৯৬০, কুমিল্লা



আলম খোরশেদ সমকালীন বাংলাদেশের অন্যতম প্রধান, সক্রিয় ও মেধাবী অনুবাদক। পেশায় প্রকৌশলী হলেও ছাত্রজীবন থেকেই সাহিত্য, বিশেষ করে বিশ্বসাহিত্যের প্রতি তাঁর আগ্রহ দুর্নিবার। এসএসসি ও এইচএসসিতে সম্মিলিত মেধাতালিকায় স্থান পাওয়া আলম খোরশেদ বাংলা, ইংরেজি, ফরাসি ও স্প্যানিশ ভাষায় পারঙ্গম। সেইসঙ্গে উচ্চশিক্ষা ও কর্মব্যপদেশে প্রায় দুইদশক মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডায় অবস্থানের কারণে তাঁর রয়েছে যথার্থ আন্তর্জাতিক মন ও মনন। তাঁর এই বৈশ্বিকমানস, ঈর্ষণীয় ভাষাজ্ঞান ও বিশ্বসাহিত্যের ব্যাপক পাঠন-পাঠনেরই ফসল আমাদের অনুবাদসাহিত্যে তাঁর বিপুল অবদান। তিনি গত চল্লিশ বছর ধরে বিশ্বসাহিত্যের নিয়মিত অনুবাদের মাধ্যমে আমাদের সাহিত্যকে সমৃদ্ধ করে চলেছেন। ইতোমধ্যে তাঁর পঁচিশটি গ্রন্থ প্রকাশিত হয়েছে, যার মধ্যে অনূদিত গ্রন্থের সংখ্যাই আঠারোটি। তাঁর অনুবাদকর্মের মূল বৈশিষ্ট্য: মূলের প্রতি বিশ্বস্ততা; একইসঙ্গে লক্ষ্যভাষা অর্থাৎ বাংলাভাষার মূল প্রবণতা ও প্রকৃতির প্রতি সম্মান ও মনোযোগপূর্ণ; পাঠকের সঙ্গে যোগাযোগ সক্ষমতা ও সহজবোধ্যতা; মূল লেখা ও লেখকের স্বাভাবিক, শৈলী ও সাহিত্যিক বৈশিষ্ট্যরক্ষার প্রয়াস; মূলের সাংস্কৃতিক, রাজনৈতিক ও ভৌগোলিক বৈশিষ্ট্য রক্ষার প্রচেষ্টা; নতুন বাংলা প্রতিশব্দ, পরিভাষা ও শব্দসম্ভার নির্মাণের সচেতন প্রয়াস ইত্যাদি। পাশাপাশি, আলম খোরশেদ বাংলাসাহিত্যের শ্রেষ্ঠ ফসলসমূহকে অনুবাদের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে পৌঁছে দেওয়ার কাজেও ব্যাপৃত রয়েছেন।

শিক্ষা :

ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
ওকলাহোমা স্টেট ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্র
সিটি ইউনিভার্সিটি অভ নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

পেশাজীবন

গ্লোবোস্মিথক্রাইন, চট্টগ্রাম, বাংলাদেশ
এম্পায়ারটেক এসোসিয়েটস, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
কানাডিয়ান এভিয়েশন ইলেক্ট্রনিক্স, মন্ট্রিয়ল, কানাডা

প্রকাশিত গ্রন্থ

অনুবাদ

১. জাদুবাস্তবতার গাথা: লাতিন আমেরিকান ছোটগল্প সংকলন (কথাসাহিত্য, সম্পাদনা); সাহিত্যপ্রকাশ
২. ভাবনাগুচ্ছ: হেনরি মিলার (আত্মজৈবনিক রচনা); দিব্যপ্রকাশ
৩. বোর্হেসের সঙ্গে কথোপকথন: ভিক্টোরিয়া ওকাম্পো (মূল স্প্যানিশ থেকে অনুবাদ/আলাপচারিতা); জার্নিম্যান
৪. নিজের একটি কামরা: ভার্জিনিয়া উল্ফ (প্রবন্ধ); সংহতি
৫. মানবীমঙ্গল: নারীবাদী গল্প সংকলন (কথাসাহিত্য); পাঞ্জেরি
৬. দক্ষিণী ও লাতিন আমেরিকার অন্যান্য গল্প (কথাসাহিত্য); বেঙ্গল পাবলিকেশন্স
৭. দ্য জাওয়ার স্মাইল: সালমান রুশদি (ভ্রমণকাহিনি); বাতিঘর
৮. দ্বিতীয় লিঙ্গের পরে: সিমোন দ্য বোভোয়ার (সাক্ষাৎকার); সংবেদ

৯. ত্রিশটি কবিতা: নোবেলবিজয়ী ভিল্লাভা শিম্বর্কা (কবিতা); অবসর প্রকাশনী
১০. দূর দিগন্তের ধ্বনি (কবিতা); বিশাকা প্রকাশনী
১১. নাগিব, বোর্হেস, চিনুয়া, মার্কেস ও অন্যান্যের গল্প (কথাসাহিত্য); আগামী প্রকাশনী
১২. দ্বাদশ কাহিনি: সমকালীন বিশ্বের গল্প (কথাসাহিত্য, সম্পাদনা); চেতনা প্রকাশনী, নিউইয়র্ক
১৩. নির্জন নিশ্বাস: নারীবাদী কবিতা সংকলন (কবিতা); পাঠক সমাবেশ
১৪. গির্জাবিয়ে: নুগুগি ওয়া থিয়োগ'ও (নাটক); দেশ প্রকাশন
১৫. তরজমাগুচ্ছ (অনুবাদ সংকলন/গদ্য, পদ্য, প্রবন্ধ); পাঠক সমাবেশ
১৬. নৈঃশব্দ্যের নামগান (লাতিন আমেরিকার কবিতা); কথাপ্রকাশ

প্রবন্ধ

১৭. পঠন-পাঠন: বিদেশি বইয়ের আলোচনা প্রগতি প্রকাশনী, ঢাকা
১৮. অচেতা অক্ষর: বিশ্বসাহিত্যের প্রতিবেদন প্রগতি প্রকাশনী, ঢাকা
১৯. ভাষা, নারী, সাম্প্রদায়িকতা ও অন্যান্য প্রসঙ্গ পূর্ব-পশ্চিম প্রকাশনী, মন্ট্রিয়ল
২০. নাটক বিষয়ে দেশ প্রকাশন, ঢাকা
২১. চলচ্চিত্রের কথকতা চলচ্চিত্রকেন্দ্র, চট্টগ্রাম

ভ্রমণকাহিনি

২২. নিউইয়র্ক নিসর্গ: বিশ্বসংস্কৃতির প্রতিবেদন; সন্দেশ প্রকাশনী, ঢাকা

সম্পাদনা

২৩. কাটা জিহ্বার কথা: বাংলাদেশের নারীবাদী গল্পসংকলন; খনা প্রকাশনী, চট্টগ্রাম

অনুবাদ সম্পাদনা

২৫. অ্যারাইজ আউট অভ দ্য লক: ফিফটি বাংলাদেশি উইমেন পোয়েটস ইন ইংলিশ টু কম্মোরেট গোল্ডেন জুবিলি অভ বাংলাদেশ; বালেস্টিয়ের প্রেস, লন্ডন, যুক্তরাজ্য (ফেব্রুয়ারি, ২০২২)

প্রকাশিতব্য গ্রন্থ

অনুবাদ

২৪. কর্মব্যপদেশে, একান্তরের বাংলাদেশে: জিনি লকারবি (মুক্তিযুদ্ধের স্মৃতিকথা); বাংলা একাডেমি, (যন্ত্রস্থ)

পত্রিকা সম্পাদনা

বিশদবার্তা নামে মাসিক পত্রিকা সম্পাদনা, চট্টগ্রাম (২০০৬-২০১২)

পুরস্কার ও সম্মান লাভ

অনুবাদসাহিত্যে অবদানের জন্য আজীবন সম্মাননা ২০২১
বাংলা ট্রান্সলেশন ফোরাম, ঢাকা